দৈনিক ইত্তেফাক ৫

তারিখ ...16 NOV 1998...
পৃষ্ঠা: ৮ ... কলাম ৩ ...

# ছাত্র শিবিরের সমাবেশ ও স্মারকলিপি পেশ

ইত্তেফাক রিপোর্ট ॥ গত ৩১শে অক্টোবর ইসলামী বিশ্ববিদ্যালয়ে সংঘটিত ঘটনার বিচার বিভাগীয় তদন্ত এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তি, ভিসির অপসারণ ও দলীয় ভূমিকায় অবতীর্ণ পুলিশ কর্মকর্তাদের অপসারণের দাবীতে গতকাল (রবিবার) ইসলামী ছাত্র শিবির প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি পেশ করে। স্মারকলিপি পেশের পূর্বে সকালে পল্টন মসজিদের নিকট আয়োজিত এক সমাবেশে শিবির নেতৃবৃন্দ ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক সন্ত্রাসী কর্মকাণ্ডের জন্য ছাত্রলীগকে দায়ী করিয়া বলেন, দেশের একমাত্র ইসলামী উচ্চ শিক্ষার সর্বোচ্চ প্রতিষ্ঠানটিকে সন্ত্রাসে জর্জরিত করিয়া দেশ হইতে ইসলামী মূল্যবোধের শিকড় উপড়াইয়া ফেলিতে চায়। সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন এহসানুল মাহবুব, রফিকুল ইসলাম খান, জি,এম, রহিমুল্লাহ প্রমুখ।